# রিয়াযুস স্বা-লিহীন (রিয়াদুস সালেহীন)

হাদিস নাম্বারঃ ৩৩৪ [আন্তর্জাতিক নাম্বারঃ ৩২৯]

বিবিধ (كتاب المقدمات)

পরিচ্ছেদঃ ৪০ : পিতা-মাতার সাথে সদ্ব্যবহার এবং আত্মীয়তা অক্ষুণ্ণ রাখার গুরুত্ব

بَابُ بِرِّ الْوَالِدَيْنِ وَصِلَةِ الأَرْحَامِ ـ (40)

আরবী

وَعَن أَبي هُرَيرَةَ رضي الله عنه، قَالَ : لَمَّا نَزَلَت هَذِهِ الآيَةُ : ﴿ وَأَنذِرۡ عَشِيرَتَكَ
ٱلۡأَقۡرَبِينَ ٢١٤ ﴾ [الشعراء: ٢١٤] دَعَا رَسُولُ الله صلى الله عليه وسلم قُرَيْشاً،
فَاجْتَمَعُوا فَعَمَّ وَخَصَّ، وَقالَ: «يَا بَنِي عَبْدِ شَمْسٍ، يا بَنِي كَعْبِ بْنِ لُؤَيٍّ، أَنقِذُوا أَنْفُسَكُمْ
مِنَ النَّارِ، يَا بَنِي مُرَّةَ بنِ كَعْبٍ، أَنْقِذُوا أَنْفُسَكُمْ مِنَ النَّارِ، يَا بَنِي عَبْدِ مَنَاف، أَنْقِذُوا
أَنْفُسَكُمْ مِنَ النَّارِ، يَا بَنِي هَاشِمٍ، أَنقِذُوا أَنفُسَكُم مِنَ النَّار، يَا بَني عَبدِ الْمُطَّلِب، أَنقِذُوا
أَنفُسَكُم مِنَ النَّار، يَا فَاطِمَةُ، أَنْقِذِي نَفْسَكِ مِنَ النَّارِ . فَإنِّي لاَ أَمْلِكُ لَكُمْ مِنَ اللهِ شَيئاً،
غَيْرَ أنَّ لَكُمْ رَحِماً سَأَبُلُّهَا بِبِلالِهَا». رواه مسلم

বাংলা

১৮/৩৩৪। আবূ হুরাইরাহ রাদিয়াল্লাহু 'আনহু কর্তৃক বর্ণিত, তিনি বলেন, যখন এ আয়াত অবতীর্ণ হল যার অর্থ হল, ''তুমি তোমার নিকট আত্মীয়বর্গকে সতর্ক কর।'' (সূরা শুআরা ২১৪ আয়াত) তখন রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম কুরায়েশ (সম্প্রদায়)কে আহ্বান করলেন। সুতরাং তারা একত্রিত হল। অতঃপর তিনি সাধারণ ও বিশেষভাবে (সম্বোধন করে) বললেন, ''হে বানী আব্দে শাম্‌স! হে বানী কা'ব ইবনুলুআই! তোমরা নিজেদেরকে জাহান্নাম থেকে বাঁচাও। হে বানী মুর্রাহ ইবনু কা'ব! তোমরা নিজেদেরকে জাহান্নাম থেকে বাঁচাও। হে বানী আব্দে মানাফ! তোমরা নিজেদেরকে জাহান্নাম থেকে বাঁচাও। হে বানী হাশেম! তোমরা নিজেদেরকে জাহান্নাম থেকে বাঁচাও। হে বানী আব্দিল মুত্তালিব! তোমরা নিজেদেরকে জাহান্নাম থেকে বাঁচাও।

হে ফাতেমা! তুমি নিজেকে জাহান্নাম থেকে বাঁচাও। কারণ, আমি আল্লাহর নিকট তোমাদের (উপকার-অপকার) কিছুরই মালিক নই। তবে তোমাদের সাথে (আমার) যে আত্মীয়তা রয়েছে তা আমি (দুনিয়াতে) অবশ্যই আর্দ্র রাখব। (আখেরাতে আমার আনুগত্য ছাড়া আত্মীয়তা কোনো কাজে আসবে না।)'' (মুসলিম) [1]

* উক্ত হাদীসে আত্মীয়তার বন্ধন ছিন্ন করাকে আগুনের সাথে উপমা দেওয়া হয়েছে, যা পানি দিয়ে নিভাতে হয়। তাই আত্মীয়তার বন্ধন বজায় রাখাকে তা আর্দ্র বা ভিজে রাখা বলা হয়েছে।

## English

(40) Chapter: Kind Treatment towards Parents and establishment of the ties of Blood Relationship

Abu Hurairah (May Allah be pleased with him) reported:
When this Verse was revealed: "And warn your tribe (O Muhammad (ﷺ)) of near kindred". (26:214) Messenger of Allah (ﷺ) called the Quraish; when they gathered, he said to them: "O sons of 'Abd Shams; O sons of Ka'b bin Lu'ai, rescue yourselves from the Fire! O sons of Murrah bin Ka'b, rescue yourselves from the Fire! O sons of 'Abd Manaf, rescue yourselves from the Fire! O sons of 'Abdul-Muttalib, rescue yourselves from the Fire! O Fatimah, rescue yourself from the Fire, for I have no power (to protect you) from Allah in anything except that I would sustain relationship with you".

[Muslim].

Commentary:
1. This Hadith tells us that lineage in the Hereafter will not help anybody. So much so that even one's relationship with Messenger of Allah (PBUH) shall not carry any weight on that day. The only thing that will then help in salvation will be one's good deeds. People for whom the Prophet (PBUH) and pious men will intercede will be believers with some sins in their account and not the disbelievers devoid of Faith and good actions. Neither will anybody intercede for the infidels, nor will the infidels find salvation.

2. In preaching religion, priority must be given to one's own close relatives. They deserve it more than anyone else, and for this reason Divine injunctions should be first of all conveyed to them.

3. Even if a Muslim's relatives are pagans and polytheists, their rights of kinsmen and the demands of "maintaining the ties of kinship'' enjoined by Islam must be fulfilled. The first and foremost demand of their rights is that they should be invited to the right path so that they will be saved from Hell-fire.

ফুটনোট

[1] সহীহুল বুখারী ২৭৫৩, ৩৫২৭, ৪৭৭১, মুসলিম ২০৪, ২০৬, তিরমিযী ৩০৯৪, নাসায়ী ৩৬৪৪, ৩৬৪৬, ৩৬৪৭, আহমাদ ৮১৯৭, ৮৩৯৫, ৮৫০৯, ৮৯২৬, ৯৫০১, দারেমী ২৭৩২

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন  বর্ণনাকারীঃ আবূ হুরায়রা (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=22765

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন